দৈনিক সংবাদ

তারিখ ... ... JAN 24 2000 ...
পৃষ্ঠা ১৩ কলাম ৩ ......

12

ছাত্র ইউনিয়নের প্রতীক অনশন

# মাধ্যমিক স্তরের পাঠ্যবই দ্রুত প্রকাশের দাবি

নিজস্ব বার্তা পরিবেশক : মাধ্যমিক স্তরের পাঠ্যবই দ্রুত প্রকাশের দাবিতে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন গত শনিবার দুপুরে নগরীর বিএমএ ভবনের সামনে প্রতীক অনশন পালন করেছে। অনশন পালনকালে বক্তারা বলেন, আজকের অনশনের পরও যদি সরকারের টনক না নড়ে, ছাত্ররা যদি পাঠ্যবই না পায় তাহলে সরকারের পদত্যাগ দাবি করব। বক্তারা আরো বলেন, নতুন বছরের ২২ দিন পার হয়ে গেছে। ছাত্ররা বই পায়নি। বই না পাওয়ার প্রকৃত কারণ অনুসন্ধান করে দায়ী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করেছে। মাধ্যমিক স্তরে দ্রুত পাঠ্যবই প্রকাশের দাবিতে ছাত্র ইউনিয়ন আজ রোববার থেকে আগামী ২রা ফেব্রুয়ারি পর্যন্ত থানা শিক্ষা প্রতিষ্ঠানের সামনে মিছিল, পথসভা ও মতবিনিময়ের কর্মসূচি ঘোষণা করেছে। এছাড়াও আগামী ৩রা ফেব্রুয়ারি ঢাকা নগর ছাত্র ইউনিয়নের উদ্যোগে ছাত্র-শিক্ষক-অভিভাবকদের নিয়ে মতবিনিময় ও নয়া কর্মসূচি ঘোষণা করা হবে। কর্মসূচির শেষ পর্যায়ে কমরেড সেলিম ছাত্রদের পানি পান করিয়ে অনশন ভঙ্গ করান। প্রতীক অনশনে সভাপতিত্ব করেন নগর কমিটির সভাপতি মাহবুবুর রহমান শিপন। বক্তব্য রাখেন মুজাহিদুল ইসলাম সেলিম, সৈয়দ হাসান ইমাম, পরেশ চন্দ্র সাহা, কাজি সাজ্জাত জহির চন্দন, আসলাম খান, মজুরে খোদা টরিক প্রমুখ।